

শিক্ষা প্রতিষ্ঠানের লেনদেন সহজ করেছে 'শিওরক্যাশ'

■ সমকাল প্রতিবেদক

মোবাইল ব্যাংকিং মানে এখন কেবল টাকা পাঠানো বা উত্তোলন নয়। মোবাইল ব্যাংক অ্যাকাউন্ট থেকে আরও অনেক সেবা পাওয়া যায়। যেমন- বিদ্যুৎ, গ্যাস, পানির বিল অর্থাৎ ইউটিলিটি বিল পরিশোধ, বেতন-ভাতা প্রদান, বিদেশ থেকে টাকা পাওয়া ইত্যাদি। বাংলাদেশে এ ক্ষেত্রে কাজ করছে কয়েকটি মোবাইল ব্যাংকিং সেবাদাতা প্রতিষ্ঠান, যার মধ্যে অন্যতম হলো 'শিওরক্যাশ'।

শিওরক্যাশ সেবার একটি বড় দিক হলো, শিক্ষা প্রতিষ্ঠানের বেতন আদায় বা পরিশোধ। শিওরক্যাশের এডুকেশন পেমেন্ট সেবার মাধ্যমে

এখন যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান আরও সহজ এবং স্বয়ংক্রিয় উপায়ে বেতন এবং অন্যান্য ফি গ্রহণ করতে পারে। কোনো ধরনের বাড়তি খরচ ছাড়াই বাংলাদেশের যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান শিওরক্যাশের পেমেন্ট সেবা নিতে পারে। তার জন্য যা করতে হয় তা হলো, শিক্ষার্থীদের তালিকা এবং বেতন চার্ট একটি ওয়েবপোর্টালে পাঠানো। শিওরক্যাশের মাধ্যমে দেওয়া শিক্ষার্থীদের বেতন সরাসরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক অ্যাকাউন্টে জমা হয় এবং শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে একটি পূর্ণাঙ্গ পেমেন্ট রিপোর্ট পেয়ে যায়। এই রিপোর্ট শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী তৈরি করা হয়। এতে পেমেন্টের বিস্তারিত যেমন কোন মাসে কত ফি বা বেতন আদায় হয়েছে, কোন ক্লাস থেকে কতজন দিয়েছে, একটি নির্দিষ্ট ক্লাস থেকে প্রাপ্ত বেতনের পরিমাণ ইত্যাদি দেওয়া থাকে।

দেশের ৮০টিরও বেশি শিক্ষা প্রতিষ্ঠান 'শিওরক্যাশ পেমেন্ট' ব্যবহার করছে। প্রতিষ্ঠানটি আশা করছে, আগামী এক বছরের মধ্যে এ সংখ্যা এক হাজারে পৌঁছাবে। শিওরক্যাশের মাধ্যমে বিভিন্ন পৌরসভা, সিটি কর্পোরেশন এবং ওয়াশার বিল দেওয়া যায়। বর্তমানে ৫টি ব্যাংক-ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, বাংলাদেশ কমার্স ব্যাংক, এনসিসি ব্যাংক, যমুনা ব্যাংক এবং স্ট্যান্ডার্ড ব্যাংক

শিওরক্যাশের মাধ্যমে মোবাইল ব্যাংকিং সেবা দিচ্ছে।

শিওরক্যাশ সেবার জন্য প্রয়োজন একটি মোবাইল ফোন ও সিম থাকে। শিওরক্যাশ সেবা দিচ্ছে এমন যে কোনো ব্যাংকে বা শিওরক্যাশ এজেন্ট পয়েন্টে গিয়ে মোবাইল অ্যাকাউন্ট খোলা যায়। এরপর এই অ্যাকাউন্ট থেকে সব ধরনের ব্যাংকিং কাজ যেমন টাকা পাঠানো, উত্তোলন, বিভিন্ন বিল বা শিক্ষা প্রতিষ্ঠানের বেতন পরিশোধ ইত্যাদি করা যায়। টাকা পাঠানো বা তোলার জন্য বা বিল পরিশোধের জন্য ব্যাংকে যেতে হবে না বা লম্বা লাইনে দাঁড়াতে হবে না। বাংলাদেশে মোবাইল ব্যাংকিংয়ে গড়ে

উন্মুক্ত
মোবাইল
ব্যাংকিং ও
পেমেন্ট
নেটওয়ার্ক



প্রতিদিন লেনদেন হচ্ছে ৪০৮ কোটি টাকা এবং চলতি বছরের মার্চ শেষ নাগাদ গ্রাহকসংখ্যা দাঁড়িয়েছে প্রায় ২ কোটি ৫২ লাখ। উদীয়মান এ খাত দেশের অর্থনীতিতে গতি সঞ্চারের পাশাপাশি উল্লেখযোগ্য পরিমাণে নতুন কর্মসংস্থান সৃষ্টি করেছে। শিওরক্যাশের সিইও ড. শাহাদাত খান জানান, শিওরক্যাশ একটি উন্মুক্ত মোবাইল ব্যাংকিং এবং পেমেন্ট নেটওয়ার্ক। এর মাধ্যমে যে কোনো ব্যাংক সেবা দিতে পারে। শিওরক্যাশ বাংলাদেশের একমাত্র মাল্টি-ব্যাংক মোবাইল ব্যাংকিং এবং পেমেন্ট নেটওয়ার্ক। অন্য মোবাইল ব্যাংকিং সেবাদাতা প্রতিষ্ঠানগুলো যেখানে কাজ করছে কেবল একটি ব্যাংকের সঙ্গে, সেখানে শিওরক্যাশ কাজ করছে দেশের শীর্ষস্থানীয় পাঁচটি ব্যাংকের সঙ্গে। এর পেমেন্ট নেটওয়ার্কটি এমন যে, আরও অনেক ব্যাংক-ও আর্থিক প্রতিষ্ঠান তা ব্যবহার করতে পারবে।

তিনি বলেন, শিওরক্যাশ এডুকেশন পেমেন্ট শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নগদ টাকার ঝামেলা ও ঝুঁকি এড়াতে সহায়ক। এতে করে শিক্ষকদের সময় বাঁচে এবং ক্লাস নেওয়ার সময়ও বাড়ে। অভিভাবকদেরও বেশ সুবিধা হয়। তাদের সময় এবং খরচ বাঁচে। একজন অভিভাবক দিনের যে কোনো সময় বেতন পরিশোধ করতে পারেন।